দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 JUN 1987 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

# ১লা জুলাই হইতে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রবেতন বৃদ্ধি

গতকাল (বৃহস্পতিবার) এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয়, গত তেইশ বৎসর সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রবেতন অপরিবর্তিত রহিয়াছে। অথচ শিক্ষা খাতে খরচের পরিমাণ বহুগুণে বৃদ্ধি পাইয়াছে। বিষয়টি

( ১৫শ পৃঃ দ্রঃ )

## ছাত্রবেতন বৃদ্ধি

( ১ম পৃঃ পর )

২রা জুন মন্ত্রী পরিষদের বৈঠকে বিবেচিত হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয় যে, ১লা জুলাই, ১৯৮৭ হইতে সরকারী মাদ্রাসাসহ সরকারী স্কুল, কলেজে বর্তমান ছাত্রবেতন বর্ধিত করা হইবে। সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বেতন নিম্নোক্ত হারে বৃদ্ধি করার পরও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বেতন অপেক্ষা কম থাকিবে।

আগামী ১লা জুলাই হইতে ১ম ও ২য় শ্রেণীর মাসিক ছাত্রবেতন ২ টাকার স্থলে ৪ টাকা; ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীতে ৩-এর স্থলে ৬ টাকা, ৬ষ্ঠ শ্রেণীতে ৪-এর স্থলে ৮; ৭ম ও ৮ম শ্রেণীতে ৫ এর স্থলে ১০; ৯ম ও ১০ম শ্রেণীতে ৬-এর স্থলে ১২; ১১শ ও ১২শ (কলা ও বাণিজ্য) শ্রেণীতে ৮ এর স্থলে ১৬; ১১শ ও ১২শ (বিজ্ঞান) শ্রেণীতে ৯ এর স্থলে ১৮; বিএ ও বিকমে ৯ এর স্থলে ১৮; বিএসসিতে ১০-এর স্থলে ২০; সরকারী কলেজে বিএ ও বি কম অনার্সে ১০-এর স্থলে ২০; বিএসসি অনার্সে ১২-এর স্থলে ২৪; এম, এ, ও এমএসসিতে ১২-এর স্থলে ২৪; কমার্শিয়াল ইনষ্টিটিউটের ১ম ও ২য় বর্ষে ৫-এর স্থলে ১০; পলিটেকনিক ইনষ্টিটিউটের ডিপ্লোমায় ৫-এর স্থলে ১০; ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউটে ৩-এর স্থলে ৬; সরকারী মাদ্রাসায় দাখিলে ৩১ পয়সার স্থলে ২ টাকা; আলিম ও ফাজিল শ্রেণীতে ৬২ পয়সার স্থলে ৩ টাকা এবং কামিল শ্রেণীতে ১ টাকা ২৫ পয়সা হইতে ৫ টাকা নির্ধারিত হইবে।